DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 06:12 AM

বিনোদন

# আসামের বন্যাদুর্গতদের পাশে সালমান খান

প্রতিবেদক: বিনোদন ডেস্ক
প্রকাশের তারিখ: বুধবার, ২৯ জুলাই ২০২৬, ১২:১৩ PM



সংগৃহীত ছবি

আসামের ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের সহায়তায় এগিয়ে এসেছেন বলিউড তারকা সালমান খান। বর্তমানে মুম্বাইতে নতুন একটি চলচ্চিত্রের শুটিংয়ে ব্যস্ত থাকলেও, সেখানকার স্থানীয় ফ্যান ক্লাবের সাহায্যে দুর্গত এলাকাগুলোতে খাদ্য ও নিত্যপ্রয়োজনীয় সামগ্রী পাঠাচ্ছেন এই অভিনেতা।

মিড-ডে-র একটি প্রতিবেদন অনুযায়ী, সালমান খান তার এনজিও বীইং হিউম্যান এর মাধ্যমে আসামের সালমান খান ফ্যান ক্লাবের সাথে সমন্বয় করে এই ত্রাণ কার্যক্রম পরিচালনা করছেন।

পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর পাশে থাকতে তিন পর্বের একটি বিশেষ পরিকল্পনা নেওয়া হয়েছে।

সালমান খানের এই উদ্যোগের পাশাপাশি গত ২৫ জুলাই আসামের জনপ্রিয় গায়ক পাপন একটি লাইভ ইনস্টাগ্রাম চ্যারিটি কনসার্ট করেন বিশাল দাদলানি, দিব্যা কুমার ও নীলতপল বোরাকে সঙ্গে নিয়ে। সেখান থেকে সাধারণ মানুষকেও বন্যার্তদের পাশে দাঁড়াতে ও অর্থ দান করার আহ্বান জানানো হয়।

---

## এ বিভাগের আরও খবর



**রাজধানীতে অভিনেত্রীর ঝুলন্ত মরদেহ উদ্ধার**
রাজধানীর ভাটারা এলাকা থেকে জনপ্রিয় মডেল ও অভিনেত্রী রিধিকা রিধির মরদেহ উদ্ধার করা হয়েছে।শনিবার (১৫ আগস্ট) সকাল ছয়টার দিকে সিলিং ফ্যানে ঝুলন্...



**সেলেনা গোমেজের ভিডিও ফাঁস, মুহূর্তেই ভাইরাল!**
আইনি বিপাকে জনপ্রিয় মার্কিন তারকা সেলেনা গোমেজ। মানসিক স্বাস্থ্যের প্রসারে তৈরি করা তাঁর ভেঞ্চার ওয়ান্ডারমাইন্ড সংস্থাকে ঘিরে জালিয়াতির অভি...



প্রতীকী ছবি

**ডিজিটাল যুগে শর্টকার্টে তারকা, আশীর্বাদ নাকি অভিশাপ**
একসময় তারকা হতে হলে বছরের পর বছর সাধনা, প্রশিক্ষণ এবং গণমাধ্যমের স্বীকৃতি প্রয়োজন হতো। এখন একটি স্মার্টফোন, ইন্টারনেট সংযোগ এবং ৩০ সেকেন্ডের...



**শাড়ি নিয়ে প্রতারণা : আত্মসমর্পণ করে জামিন পেলেন তানজিন তিশা**

শাড়ি নিয়ে প্রতারণা ও বিশ্বাসভঙ্গের মামলায় আত্মসমর্পণের পর জামিন পেয়েছেন অভিনেত্রী তানজিন তিশা।বৃহস্পতিবার (১৩ অগাস্ট) ঢাকার মেট্রোপলিটন ম্যা...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/entertainment/asamer-bnjadurgtder-pashe-salman-khan